

## বিশ্ব উষ্ণায়নের কারণ

বর্তমান সময়ে মনুষ্য সমাজের নিকট এক অতি গুরুত্বপূর্ণ পরিবেশগত সমস্যা রূপে উদ্ভূত হয়েছে বিশ্ব উষ্ণায়ন। বিশ্ব উষ্ণায়ন কেবলমাত্র পরিবেশগত সমস্যা নয়, এটি মানুষের অর্থনৈতিক, সামাজিক, রাজনৈতিক ও ব্যক্তিগত জীবনের প্রতিটি ক্ষেত্রে সমস্যার সৃষ্টি করে থাকে। বিশ্ব উষ্ণায়ন বলতে বায়ুমন্ডলীয় তাপমাত্রার ক্রমাগত বৃদ্ধিকে বোঝানো হয়ে থাকে। অর্থাৎ পৃথিবীর গড় তাপমাত্রা বৃদ্ধি পাওয়ার ঘটনা কেই বলা হয় বিশ্ব উষ্ণায়ন।

### বিশ্ব উষ্ণায়নের কারণ

বিশ্ব উষ্ণায়ন দুভাবে হয়ে থাকে – A. মনুষ্য সৃষ্টি কারণ B. প্রাকৃতিক কারণ

### বিশ্ব উষ্ণায়নে মনুষ্য সৃষ্টি কারণ

#### 1. জীবাশ্ম জ্বালানি

যানবাহন ব্যবহার, তাপবিদ্যুৎ কেন্দ্র ইত্যাদি কর্মক্ষেত্র গুলিতে অতিরিক্ত পরিমাণে জীবাশ্ম জ্বালানি ব্যবহার করা হচ্ছে। যার ফলে সেখান থেকে নির্গত কার্বন ডাই অক্সাইড বাতাসে অনিয়ন্ত্রিত ভাবে বেড়েই চলেছে। এই অনিয়ন্ত্রিত ভাবে বেড়ে চলা কার্বন ডাই অক্সাইড বিশ্ব উষ্ণায়ন বৃদ্ধি করে।

#### 2. বৃক্ষচ্ছেদন

জ্বালানির জন্য প্রয়োজনীয় কাঠের ব্যবহার, জনবসতি বৃদ্ধি। কৃষি জমির জন্য প্রয়োজনীয় জায়গা, শিল্পকারখানা গুলির প্রসার ইত্যাদি নানান কারণে অতিরিক্ত মাত্রায় গাছ কাটার ফলে কার্বন ডাই অক্সাইড বনভূমি দ্বারা শোষিত হতে পারছে না। যার ফলে বাতাসে অক্সিজেন এর মান কমছে এবং কার্বন ডাই অক্সাইড এর মান বাড়ছে।

#### 3. মিথেন গ্যাসের অতিরিক্ত ব্যবহার

মিথেন হলো প্রধান গ্রিনহাউস গ্যাস গুলির মধ্যে অন্যতম। কৃষি জমিতে জমে থাকা জল, গবাদি পশুর মল মুত্র এবং বিভিন্ন পচনশীল আবর্জনা থেকে সৃষ্ট মিথেন গ্যাস বিশ্ব উষ্ণায়ন বৃদ্ধি পেতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে।

#### 4. ক্লোরোফ্লোরো কার্বন ব্যবহার

এখনকার দিনে প্রচুর পরিমাণে রেফ্রিজারেটর, এয়ার কন্ডিশন মেশিন, রুম হিটার ইত্যাদি ইলেকট্রনিক শিল্প গুলি থেকে প্রচুর পরিমাণে ক্লোরোফ্লোরো কার্বন নির্গত হয় এবং প্রসাধনী সামগ্রী তৈরিতেও প্রচুর পরিমাণে ক্লোরোফ্লোরো কার্বন ব্যবহৃত হয় যা বিশ্ব উষ্ণায়ন বাড়াতে মারাত্মক ভূমিকা গ্রহণ করে।

## 5. শিল্পদানবের ক্রমবর্ধন

শিল্পায়নের আগমনে পৃথিবীর তাপমাত্রা দ্রুত বৃদ্ধি পাচ্ছে। কলকারখানা থেকে নির্গত ক্ষতিকর দূষক পৃথিবীর তাপমাত্রা বাড়াচ্ছে।

## 7. জগতে জনবিস্ফোরন

পৃথিবীতে প্রানবায়ু অক্সিজেনের পরিমান সীমিত হওয়ার দরুন ব্যাপক জনসমুদ্র থেকে নির্গত কার্বন ডাই অক্সাইড পৃথিবীর দম আটকাতে সফল।এর ফলে বাতাসে কার্বন ডাই অক্সাইড এর পরিমান স্বাভাবিকের থেকে অনেকগুন বেড়ে গিয়ে বিশ্ব উষ্ণায়নের জন্য প্রধান কারন হয়ে দাঁড়ায়।

## বিশ্ব উষ্ণায়নের প্রাকৃতিক কারণ

### 1. আগ্নেয়গিরি অগ্ন্যুৎপাত

আগ্নেয়গিরির অগ্ন্যুৎপাত বৈশ্বিক উষ্ণতা বৃদ্ধিতে সবচেয়ে বড় প্রাকৃতিক অবদানকারী। আগ্নেয়গিরির অগ্ন্যুৎপাতের সময় নির্গত ছাই, সালফারের কনা এবং ধোঁয়া বায়ুমণ্ডলে মিশে যায় এবং জলবায়ুকে প্রভাবিত করে।

### 2. জলীয় বাষ্পের বলয়

জলীয় বাষ্প এক ধরনের গ্রিনহাউস গ্যাস। পৃথিবীর তাপমাত্রা বৃদ্ধির কারণে, জলাশয় থেকে আরও বেশি জল বাষ্পীভূত হয় এবং বায়ুমণ্ডলে থাকে যা বৈশ্বিক উষ্ণতা বৃদ্ধি করে।

### 4. দাবানল

বনের দাবানল প্রচুর পরিমাণে কার্বনযুক্ত ধোঁয়া যেমন- কার্বন ডাই অক্সাইড ( $CO_2$ ), কার্বন মনোঅক্সাইড ( $CO$ ), মিথেন ( $CH_4$ ) প্রচুর এরোসেল নির্গত করে। এই গ্যাসগুলি বায়ুমণ্ডলে নির্গত হয় এবং এর ফলে পৃথিবীর তাপমাত্রা বৃদ্ধি পায়।